

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৩০৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৮৯]

৮. কিতাবুস্ সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ মদীনার রাস্তাসমূহে যে সমস্ত মসজিদ রয়েছে এবং যে সকল স্থানে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম নামায পড়েছেন

بَابُ الْمَسَاجِدِ الَّتِي عَلَى طُرُقِ الْمَدِينَةِ

আরবী

الله عَنْهُمَا: أَنَّ رَسُولَ الله عَنْهُمَا: أَنَّ رَسُولَ اللَّهِ نَزَلَ عِنْدَ سَرَحَاتٍ عَنْ يَسَارِ الطَّرِيقِ، فِي مَسِيلٍ دُونَ هَرْشَى، ذَلِكَ الْمَسِيلُ لاصِقٌ بِكُرَاعِ هَرْشَى، بَيْنَهُ وَبَيْنَ الطَّرِيقِ قَرِيبٌ مِنْ غَلْوَةٍ. وَكَانَ عَبْدُاللَّهِ يُصلِّي إِلَى سَرْحَةٍ، هِيَ أَقْرَبُ السَّرَحَاتِ إِلَى الطَّرِيقِ، وَهِيَ أَطْوَلُهُنَّ. (بخارى: اللهَ الطَّرِيقِ، وَهِيَ أَطْوَلُهُنَّ. (بخارى: اللهَ

বাংলা

৩০৪) আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) বলেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম 'হারশা' নামক পাহাড়ের নিকটস্থ নিম্নভূমিতে রাস্তার বাম দিকে অবস্থিত বিশাল বৃক্ষসমূহের পাশে অবতরণ করতেন। ঐ নিম্নভূমিটি 'হারশা' নামক পাহাড়ের শেষ প্রান্তের সাথে মিলিত হয়েছে। নিম্নভূমি এবং রাস্তার মাঝখানে মাত্র একটি তীর নিক্ষেপের দূরত্ব। আব্দুল্লাহ ইবনে উমার সেখানকার একটি বৃক্ষ সামনে নিয়ে নামায পড়তেন। এটি ছিল রাস্তার অধিক নিকটবর্তী এবং সর্ববৃহৎ বৃক্ষ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন